# সানতা

**শরবত সানতারা**

**জ্বর নিবারক ও মূত্রকারক**

**বর্ণনা ঃ** সানতা একটি সুষম ভেষজ ফর্মূলা যা বিভিন্ন প্রকার মূত্রসংক্রান্ত সমস্যায় প্রমাণিত। সানতা মূত্র নিষ্কাশন স্বাভাবিক, জীবাণু রোধী, মূত্রের অম্ল-ক্ষারের মাত্রাকে স্বাভাবিক এবং মূত্রের জ্বালাপোড়াকে সহনীয় করে। এভাবে সানতা সিরাপ মূত্র নিঃসরনে জ্বালাপোড়া, প্রত্যাবর্তনশীল মূত্র তন্ত্রের প্রদাহ এবং ব্যথাযুক্ত মূত্র নিঃসরণ উপশম করে।

**উপাদান ঃ** প্রতি ৫ মি.লি. সিরাপে আছে নিম্নোক্ত হার্বস সমূহের নির্যাস ঃ

| ক্রমিক নং | বৈজ্ঞানিক নাম | ব্যবহৃত অংশ | পরিমান |
|---|---|---|---|
| ১. | ট্রাইবুলাস টেরেসট্রিস | বীজ | ২০০ মি.গ্রা. |
| ২. | ফনিকুলাম ভালগারি | মূল | ১৫০ মি.গ্রা. |
| ৩. | ফনিকুলাম ভালগারি | ফল | ১৫০ মি.গ্রা. |
| ৪. | নিমফিয়া এ্যালবা | ফুল | ১৫০ মি.গ্রা. |
| ৫. | সাইট্রাস রেটিকুলাটা | ফলের নির্যাস | ২৫০ মি.গ্রা. |

সূত্রঃ শরবত সানতারা, বা.জা.ই.ফ.।

**সানতা সিরাপে ব্যবহৃত ভেষজ সমূহের ঔষধি গুণাগুণ ঃ**

১. **গোক্ষুর কাঁটা ঃ** গোক্ষুর কাঁটায় থাকে ফিউরোসট্যানোল স্যাপোনিনস। কার্যকরী উপাদান স্যাপোনিন মূলত এন্টি ফাংগাল ও এন্টি ব্যাকটেরিয়াল কার্যকারিতা দেয়। দেখার বিষয় যে, গোক্ষুর কাঁটার স্যাপোনিন ক্যানডিডা এ্যালবিকানস এবং ক্রিপ্টো কক্কাস নিওফরমেন্সের বিরুদ্ধে খুবই কার্যকরী। গোক্ষুর কাঁটার স্যাপোনিন রক্তের কোলেস্টেরল ও ট্রাইগ্লিসারাইড কে উল্লেখযোগ্য পরিমাণে কমায়। এটি সুপরিচিত ঔষধি উদ্ভিদ হিসাবে ইউরোলিথিয়াসিস, ডিসুরিয়া, পুরুষত্বহীনতা এবং কিডনি ডিসফাংশনে কাজ করে।

২. **মৌরি'র মূল ঃ** এটি এ্যানাবলিক এবং ইস্ট্রোজেনিক কার্যকারিতা প্রদর্শন করে। এটি এন্টি ফাংগাল, মূত্রবর্ধক, ব্যথা নাশক, জ্বর রোধী এবং এ্যান্টি মাইক্রোবিয়াল গুণাবলী সমৃদ্ধ। এটির এসেনশিয়াল অয়েলে জীবানু বিরোধী ও বার্ধক্য বিরোধী বৈশিষ্ট্য আছে। এটির বীজ উদ্দীপক, সুগন্ধিকারক, রুচিবর্ধক, মূত্রবর্ধক, বায়ু নিঃসারক, খিঁচুনি বিরোধী এবং পাকস্থলীর শক্তিবর্ধক। শুষ্ক ফল বক্ষ ব্যাধি, প্লীহা এবং কিডনি সমস্যায় উপকারী।

৩. **শাপলা ফুল ঃ** ফুল শীতলকারক, স্নিগ্ধকারক, কার্ডিওটনিক, পুষ্টিকর, সংকোচক জীবানুরোধী, মূত্র বর্ধক এবং তন্দ্রাকারক হিসাবে কাজ করে। এটি অনিদ্রা, উদ্বিগ্নতা এবং এ জাতীয় রোগের চিকিৎসায় উপকারী।

৪. **কমলা লেবুর নির্যাস ঃ** এটি বলবর্ধক, বায়ু নিঃসারক, বিরেচক এবং পাকস্থলীর শক্তিবর্ধক হিসেবে কাজ করে।

**রোগ নির্দেশনা ঃ** পিত্ত-প্রকোপ, মূত্রকৃচ্ছ্রতা, উষ্ণতা, পিপাসাধিক্য।

**সেবন মাত্রা ও সেবন বিধি ঃ** শিশুঃ ১-২ চা চামচ করে দিনে ২-৩ বার। বয়স্কঃ ২-৪ চা চামচ করে দিনে ২-৩ বার।

**পার্শ্ব প্রতিক্রিয়া ঃ** সানতা সিরাপ ক্লিনিক্যাল ব্যবহারে এখন পর্যন্ত কোন পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় নাই।

**গর্ভাবস্থায় ঃ** সানতা সিরাপ গর্ভাবস্থায় কোন সমস্যা করে না।

**সরবরাহ ঃ** সানতা ১০০ মি.লি., ২০০ মি.লি. এবং ৪৫০ মি.লি. পেট বোতলে পাওয়া যায়।

প্রস্তুতকারক:
IBN SINA
**দি ইবনে সিনা** ন্যাচারাল মেডিসিন লিঃ
(ইউনানী বিভাগ) সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।